



মাধবদীর স্কুলটি যে কোন

সময় ধমে পড়তে পারে

।। নিম্নস্থ সংবাদদাতা ।।

মাধবদী (নরসিংদী), ১৪ই অক্টোবর।—নরসিংদী জেলার ঐতিহ্যবাহী বিজ্ঞাপীট মাধবদী এম পি ইনস্টিটিউশনের পুরাতন ভবনটির ছাদ, দেয়াল ও বীমের বিভিন্ন স্থানে বড় বড় ফাটল দেখা দেওয়ার যে কোন মুহূর্তে ছাদ কিংবা দেয়াল ধসে নারাত্মক দুর্ঘটনা ঘটে যেতে পারে।

প্রকাশ, এ ইনস্টিটিউশনটি ১৯৪৬ সালে স্থাপিত হয়েছিল। মাঝে মধ্যে হঠাৎ ইট-সিমেন্টের আস্তরের চাকলা ধসে নড়ে নিরাপত্তার অভাব সৃষ্টি করে বিধায় ১৯৭৫ সালে স্কুল ম্যানেজিং কমিটি ইমারত প্রকৌশলী ডেকে বিস্ফট পন্নীকরণ। প্রকৌশলী কর্তৃক ভবনটি ব্যবহারের

অনুপযোগী ঘোষিত হওয়ার ছাদ-ছাত্তীদের নতুন ভবনে স্থানান্তরিত করা হয়। কিন্তু দিন দিন ছাদ-ছাত্তীর সংখ্যা বৃদ্ধি পাওয়ার পুরাতন ভবন থেকে বিজ্ঞানাগার পাঠাগার শিক্ষক মিলনায়তন ও অফিসকক্ষ স্থানান্তর করা সম্ভব হচ্ছে না।

বিগত সপ্তাহের প্রবল ঝড়িপাতের দরুন এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে কোন মুহূর্তে এর ছাদ ধসে ছাদ-ছাত্তী ও শিক্ষকদের প্রাণনাশ ঘটতে পারে। ছাদে প্রচুর পানি জমে আছে ফাটল দিয়ে এ পানি মেরুতে ঝড়েপড়ছে।

এমতাবস্থায় ভবনটি সংস্কার করতে বহু টাকার প্রয়োজন বিধায় স্কুল কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কর্মকর্তাদের আশু দৃষ্টি কামনা করেছেন।